



নারী উদ্যোক্তা উন্নয়নে বাংলাদেশ ব্যাংক

দেশে শিল্পায়নের গতি বৃদ্ধি, মানসম্মত কর্মসংস্থান, অর্থনীতির মূলধারায় নারী পুরুষ নির্বিশেষে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণে কটেজ, মাইক্রো, স্মল ও মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) খাতের গুরুত্ব অনস্বীকার্য। অন্যদিকে, দেশের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী, কুটির ও ক্ষুদ্র খাতের নারী উদ্যোক্তাদের প্রাতিষ্ঠানিক অর্থায়নে প্রবেশগম্যতা নিশ্চিতকরণসহ অর্থনৈতিক উন্নয়নের সুফল প্রাপ্তিক পর্ষায় পৌঁছে দিচ্ছে এই সিএমএসএমই খাত।

বাংলাদেশের মোট জনসংখ্যার অর্ধেক নারী। অর্থনৈতিক উন্নয়নের চাবিকাঠি এ বিশাল জনসম্পদকে সিএমএসএমই খাতের মাধ্যমে বৃহৎ পরিসরে আর্থিক সেবায় অন্তর্ভুক্ত ও স্বাবলম্বীকরণের মাধ্যমে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি করে একটি সমৃদ্ধশালী বাংলাদেশ গঠনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নিরলসভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

সিএমএসএমই এর সংজ্ঞা

লোকবল, স্থায়ী সম্পদের (জমি ও কারখানা ভবন ব্যতীত) বিনিয়োগের বর্তমান প্রতিস্থাপন মূল্য এবং বার্ষিক টার্নওভারের উপর ভিত্তি করে সিএমএসএমই খাতকে সংজ্ঞায়িত করা হয় যা নিম্নে সারণীর মাধ্যমে বিস্তারিতভাবে উল্লেখ করা হল :-

এন্টারপ্রাইজের আকার	জমি এবং কারখানা ভবন ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য	নিয়োজিত শ্রমিকের সংখ্যা	বার্ষিক টার্নওভার
কটেজ	১০ লক্ষ টাকার নিচে	সর্বোচ্চ ১৫	-
মাইক্রো	ম্যানুফ্যাকচারিং ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকা	১৬-৩০	-
সেবা	১০ লক্ষ টাকার নিচে	সর্বোচ্চ ১৫	-
ট্রেডিং	১০ লক্ষ টাকার নিচে	সর্বোচ্চ ১৫	সর্বোচ্চ ১ কোটি টাকা
স্মল	ম্যানুফ্যাকচারিং ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকা	৩১-১২০	-
সেবা	১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা	১৬-৫০	-
ট্রেডিং	১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা	১৬-৫০	১ কোটি টাকার বেশী কিন্তু ১২ কোটি টাকার বেশী নয়
মিডিয়াম	ম্যানুফ্যাকচারিং ১৫ কোটি টাকার অধিক এবং অনধিক ৫০ কোটি টাকা	১২১-৩০০ (তৈরি পোষাক শিল্প/প্রমথন শিল্প-১০০ ০)	-
সেবা	২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা	৫১-১২০	-

সূত্র-সিএমইএসপিডি সার্কুলার নং-২, ২৯/০৬/২০১৭

নারী উদ্যোক্তা

ব্যক্তি মালিকানাধীন বা প্রোপ্রাইটরি প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী বা প্রোপ্রাইটর কিংবা 'অংশীদারী প্রতিষ্ঠান' বা 'জয়েন্ট স্টক' কোম্পানীতে নিবন্ধিত প্রাইভেট কোম্পানীর পরিচালক বা শেয়ার হোল্ডারগণের মধ্যে কমপক্ষে ৫১% (শতকরা একান্ন ভাগ) অংশের মালিক নারী হলে উক্ত প্রতিষ্ঠান নারী উদ্যোক্তা প্রতিষ্ঠান হিসেবে বিবেচিত হবে।

সিএমএসএমই ঋণের প্রকার

সাধারণভাবে নারী উদ্যোক্তাগণ নিম্নোক্ত ঋণ সুবিধা পেতে পারেনঃ-

- ✓ ব্যবসায়ের দৈনন্দিন ব্যয় মিটানোর জন্য চলতি মূলধন ঋণ;
- ✓ ব্যবসায়ের সম্প্রসারণ, সংস্কার কিংবা নতুন ধরনের ব্যবসা শুরু করার জন্য মধ্যম ও দীর্ঘ মেয়াদী/প্রকল্প ঋণ।

নারী উদ্যোক্তাদের জন্য ঋণসীমা

সর্বনিম্ন ঋণসীমাঃ-

- ✓ কটেজ খাতঃ ১০,০০০ টাকা
- ✓ মাইক্রো খাতঃ ২০,০০০ টাকা
- ✓ স্মল খাতঃ ৫০,০০০ টাকা

সর্বোচ্চ ঋণসীমাঃ-

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এর বোর্ড কর্তৃক অনুমোদিত নিজস্ব ঝুঁকি ব্যবস্থাপনা অনুযায়ী নির্ধারিত হবে।

ব্যবসার শুরুতে একজন নারী উদ্যোক্তার প্রাথমিক করণীয়

- ❖ ব্যবসা শুরু করার বিষয়ে সর্বপ্রথম মন স্থিরকরণপূর্বক অবকাঠামো (পরিবহন, পানি, বিদ্যুৎ ইত্যাদি) সুবিধাদি বিবেচনায় নিয়ে উপযুক্ত ব্যবসায়িক স্থান নির্বাচন করতে হবে;
- ❖ পণ্যের বাজারজাতকরণের কৌশল নির্ধারণসহ উদ্যোগের পূর্ণ পরিকল্পনা প্রণয়ন;
- ❖ ব্যবসার পণ্য/সেবা নির্বাচন;
- ❖ ব্যবসার সম্ভাব্যতা যাচাই।

ব্যাংক ঋণ প্রাপ্তির লক্ষ্যে নারী উদ্যোক্তাকে যা করতে হবে

- যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ পেতে ইচ্ছুক সেই প্রতিষ্ঠানে উদ্যোগের/ব্যবসায় প্রতিষ্ঠানের নামে চলতি হিসাব খোলা এবং লেনদেন পরিচালনা করা;
- সিএমএসএমই ঋণ আবেদনপত্র যথাযথভাবে পূরণ;
- আবেদনপত্রের সাথে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যাচিত প্রয়োজনীয় কাগজপত্র দাখিল;

- উদ্যোগের/প্রতিষ্ঠানের প্রকৃত আয়-ব্যয়ের ও ঋণ চাহিদার সমন্বয়ে বাস্তবভিত্তিক ব্যবসায় পরিকল্পনা দাখিল;
- ব্যবসায়ের যাবতীয় আয়-ব্যয়ের পুঙ্খানুপুঙ্খ হিসাব লিপিবদ্ধকরণ এবং পূর্বের ব্যাংক ঋণ (যদি থাকে) নিয়মিত পরিশোধ করা;
- ব্যবসায়ের গতি প্রকৃতি বিষয়ে ব্যাংক কর্মকর্তাদের সাথে মতবিনিময়।

ঋণ আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র/দলিলাদি

- ✚ হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- ✚ জাতীয় পরিচয় পত্র;
- ✚ ব্যাংক প্রতিবেদন (বিভিন্ন ব্যাংকের চাহিদা ভিন্ন);
- ✚ ব্যবসা নিজ জমিতে হলে তার দলিল, পর্চা ইত্যাদি এবং বিদ্যুৎ/টেলিফোন বিলের কপি;
- ✚ দোকান/ঘর ভাড়া চুক্তিনামা;
- ✚ করদাতা সনাক্তকরণ সার্টিফিকেট (eTIN);
- ✚ মজুদ মাল ও তার বর্তমান মূল্যের তালিকা;
- ✚ ঋণের আবেদনকারী এবং গ্যারান্টর উভয়ের পাসপোর্ট সাইজ ছবি এবং গ্যারান্টর ব্যবসায়ী হলে তার ট্রেড লাইসেন্সের কপি ও পূরণকৃত CIB Inquiry Form ;
- ✚ চলমান ব্যবসা হলে বিগত ১-৩ বছরের বিক্রয় ও আর্থিক বিবরণী;
- ✚ প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকরপোরেশন এবং মেমোরেণ্ডাম অব আর্টিক্যালস;
- ✚ মূল্য সংযোজন কর (ভ্যাট) সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে);
- ✚ IRC ও IRE সার্টিফিকেট (আমদানি ও রপ্তানি ব্যবসার ক্ষেত্রে)।

নারী উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির ক্ষেত্রে প্রয়োজনীয় জামানত

ঋণের প্রকার ও পরিমাণের ভিত্তিতে বড় আকারের ঋণ গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত যে কোন এক বা একাধিক জামানত প্রয়োজন হতে পারে :-

- ☐ হাইপোথেকেশন (মজুদ পণ্য, যন্ত্রাংশ ইত্যাদি);
- ☐ মর্টগেজ (স্থাবর সম্পত্তি সমূহ);
- ☐ ব্যক্তিগত গ্যারান্টি;
- ☐ গ্রুপ জামানত/সামাজিক জামানত;
- ☐ তৃতীয় পক্ষ গ্যারান্টি;
- ☐ পোস্ট ডেটেড চেক প্রভৃতি।

পুনঃঅর্থায়ন সুবিধা

বাংলাদেশ ব্যাংকের নিম্নোক্ত পুনঃঅর্থায়ন পদক্ষেপসমূহের মধ্যে একজন নারী উদ্যোক্তা স্বল্প সুদে (ব্যাংক রেট+৪% সর্বোচ্চ ৯%) ঋণ সুবিধা পেতে পারেন;

- স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম;
- কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল;
- কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম;
- কৃষিভিত্তিক শিল্প, ক্ষুদ্র উদ্যোক্তা (নারী উদ্যোক্তাসহ) এবং কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা খাতে ইসলামী শরিয়াহ্ ভিত্তিক অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন তহবিল;
- ফিন্যান্সিয়াল সেক্টর প্রজেক্ট ফর দ্যা ডেভেলপমেন্ট অফ স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজেস (এফএসপিডিএসএমই)।

নারী উদ্যোক্তা উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের গৃহীত পদক্ষেপ

- **পুনঃঅর্থায়নের সুদ হারঃ**-পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় নারী উদ্যোক্তাদের ঋণ প্রদানের ক্ষেত্রে সুদের হার সর্বোচ্চ (ব্যাংক রেট+৪%) ৯% নির্ধারণ করা হয়েছে।
- **পুনঃঅর্থায়নের সুবিধা প্রদানঃ**-নারী উদ্যোক্তাগণ পুনঃঅর্থায়নের আওতায় স্বল্প সুদে ঋণ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে আবেদনকৃত ঋণ মঞ্জুরির পূর্বে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সাথে পারামর্শ করতে পারেন।
- **জামানতবিহীন ঋণঃ**-পুনঃঅর্থায়নের আওতায় নারী উদ্যোক্তাদের সর্বোচ্চ ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ সুবিধা প্রদানে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে উৎসাহিত করা হয়েছে।
- **অগ্রাধিকার প্রদানঃ**- বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কিমের সমুদয় অর্থের ন্যূনতম ১৫% নারী উদ্যোক্তাদের জন্য বরাদ্দ রাখা হয়েছে এবং নারী উদ্যোক্তাদের ঋণ আবেদন দ্রুত ও স্বল্প সময়ে নিষ্পন্ন করার জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
- **গ্রুপ ভিত্তিক ঋণ বিতরণঃ**- কটেজ ও মাইক্রো নারী উদ্যোক্তাদের ৫০ হাজার টাকা ও তদুর্ধ্ব পর্যন্ত গ্রুপভিত্তিক ঋণ বিতরণের নীতিমালা প্রবর্তন করা হয়েছে।
- **Help Desk স্থাপনঃ**-প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সকল শাখায় স্বতন্ত্র Women Entrepreneur's Help/Dedicated Desk স্থাপন করা হয়েছে।
- **নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট গঠনঃ**- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ে নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট গঠন করা হয়েছে।

- **গ্রেস পিরিয়ড সুবিধা প্রদানঃ**- নারী উদ্যোক্তাদের ০১ বছর মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩ মাস এবং মধ্যম ও দীর্ঘ মেয়াদী ঋণের ক্ষেত্রে ০৩/০৬ মাস গ্রেস পিরিয়ড সুবিধা প্রদানের নীতিমালা প্রবর্তন করা হয়েছে।
- **বাংলায় ঋণ আবেদনপত্র প্রবর্তনঃ**-ঋণ আবেদন প্রক্রিয়া সহজীকরণের উদ্দেশ্যে নারী উদ্যোক্তাদের জন্য বাংলা ভাষায় স্বতন্ত্র ঋণ/বিনিয়োগের আবেদনপত্র প্রবর্তন করা হয়েছে।
- **নতুন নারী উদ্যোক্তা চিহ্নিতকরণ ও অর্থায়ন**
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে তাদের প্রতিটি শাখা কর্তৃক প্রতি বছর ন্যূনতম ০৩ (তিন) জন নারী উদ্যোক্তাকে খুঁজে বের করে প্রশিক্ষণ প্রদান এবং তাঁদের মধ্যে কমপক্ষে ০১ জনকে ঋণ প্রদানের কর্মসূচি গ্রহণের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে নির্দেশনা দেওয়া হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিটের কার্যক্রম

- নারী উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল পরিচালনা করা (শুধুমাত্র প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের জন্য প্রযোজ্য)।
- নারী উদ্যোক্তাদের ব্যবসা সহায়ক সেবা প্রদান।
- নারী উদ্যোক্তা সংশ্লিষ্ট অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করা।
- নারী উদ্যোক্তা উন্নয়নে প্রমোশনাল কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।
- ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নারী উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি মনিটরিং, মূল্যায়ন ও তদারকি করা।

কেন্দ্রীয় ব্যাংকে স্থাপিত 'প্রবলেম সল্যুশন সেন্টার'

নারী উদ্যোক্তাগণ ব্যাংক ঋণ বা ব্যাংক সংশ্লিষ্ট অন্যান্য আর্থিক সেবা প্রাপ্তির বিষয়ে যে কোন তথ্য, পরামর্শ পেতে কিংবা ঋণ গ্রহণে হয়রানির শিকার হলে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের প্রবলেম সল্যুশন সেন্টারে সরাসরি যোগাযোগ, লিখিত আবেদন এবং ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন।


অভিযোগ দাখিলের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের গ্রাহক সংরক্ষণ কেন্দ্রের হটলাইন-১৬২৩৬ কিংবা ই-মেইলে bb.cipc@bb.org.bd ব্যবহার করতে পারেন। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের ফেসবুক পেজের মাধ্যমেও অভিযোগ দাখিল ও পরামর্শ গ্রহণ করা যায়। ফেসবুক পেজের লিংকঃ

<https://www.facebook.com/BangladeshBankOfficial>



স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম

বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক এসএমই খাতের উন্নয়ন ও এসএমই ব্যাংকিং এর প্রসারে নীতি-পদক্ষেপ, তদারকি ও প্রচারণার পাশাপাশি আর্থিক পদক্ষেপের অংশ হিসেবে বেশ কয়েকটি পুনঃঅর্থায়ন তহবিল পরিচালনা করা হচ্ছে। তন্মধ্যে, দেশে নারী উদ্যোক্তা সৃষ্টি এবং তাদের ব্যবসা অব্যাহত রাখার ক্ষেত্রে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নারী উদ্যোক্তাদের স্বনির্ভর ও কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে ৮৫০ কোটি টাকার ঘূর্ণায়মান এই তহবিল হতে স্বল্প সুদ হারে নারী উদ্যোক্তাদের অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ স্কিমের আওতায় বর্তমানে ৩৬টি ব্যাংক ও ২৭টি আর্থিক প্রতিষ্ঠান অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবে চুক্তিবদ্ধ রয়েছে এবং ফান্ডের শতভাগ ব্যবহারের মাধ্যমে একটি যুগান্তকারী দৃষ্টান্ত স্থাপিত হয়েছে। সারা দেশে নারী উদ্যোক্তা সৃষ্টি, তাদের ব্যবসা অব্যাহত রাখার ক্ষেত্রে এই স্কিম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।



চিত্রে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় নারী উদ্যোক্তাদের মাঝে ২০১০ সাল হতে ২০১৭ সাল পর্যন্ত পুঞ্জীভূত পুনঃঅর্থায়নের পরিমাণ দেখানো হয়েছে।

এসএমই এর উল্লেখযোগ্য খাতসমূহ
 কৃষিভিত্তিক ও কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ বিপণন
 মৎস্য আহরণ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও বিপণন
 কৃষি যন্ত্রপাতি তৈরি ও বিপণন
 মাছ ধরার নৌকা তৈরি
 নকশী কাঁথা ও তাঁত
 খাদ্য বীজ সংরক্ষণ ও বিপণন
 বেকারী
 হ্যাচারী
 ড্রাই ফিশ প্রসেসিং ও বিপণন
 তথ্য প্রযুক্তি ভিত্তিক বিভিন্ন ব্যবসা
 কম্পিউটার সফটওয়্যার ও আইসিটি দ্রব্যাদি প্রস্তুতকরণ ও বিপণন
 সাইবার ক্যাফে
 বিনোদন (ডকুমেন্টারি ফিল্ম, সিনেমা ও ডিভিডি নির্মাণ ইত্যাদি)
 বনশিল্প ও ফার্নিচার
 হাটিকালচার (ফুলচাষ ও বাজারজাতকরণ ইত্যাদি)
 হিমাগার
 নির্মাণ ব্যবসা (নির্মাণ শিল্প ও গৃহায়ণ ইত্যাদি)
 হাসপাতাল ও ক্লিনিক
 হোটেল, রেস্টুরেন্ট ও পর্যটন
 টেলিকমিউনিকেশন ব্যবসা
 মোবাইল ফোন এক্সেসরিজ প্রস্তুতকরণ ও বিপণন
 প্রিন্টিং ও প্যাকেজিং শিল্প
 নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার, উইন্ডমিল ইত্যাদি)
 হালকা প্রকৌশল শিল্প
 প্রাস্টিক শিল্প
 কসমেটিক ও টয়লেট্রিজ শিল্প
 হস্তশিল্প
 ভেষজ ঔষধ শিল্প
 পাটজাত ও পাট মিশ্রিত পণ্য প্রস্তুতকরণ ও বিপণন
 স্টেশনারী পণ্য শিল্প
 এলপি গ্যাসের ব্যবসা
 ওয়ারহাউস ও কন্টেইনার সার্ভিস
 বাণিজ্যিকভাবে বৃক্ষরোপণ
 ফটোগ্রাফী
 ল্যাবরেটরি

জুয়েলারি
 গিনিং অ্যান্ড বেলিং
 উচ্চমানের মেধা ও দক্ষতাসম্পন্ন নলেজ
 সোসাইটির ব্যবসায়িক উদ্যোগ
 টেইলারিং
 সেলুন, বিউটি পার্লার ও জিম
 কমিউনিটি সেন্টার
 কলসেন্টার
 ডায়াগনস্টিক সেন্টার
 ডিজিটাল কালার ল্যাব
 ক্যাবল অপারেটরস
 জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন বিতরণ
 ছোট এগ্রামিউজমেন্ট পার্ক
 বাঁশ ও বেতের সামগ্রী তৈরি
 বুটিকস/বাটিকস
 মাশ্রুম
 কম্পিউটার ট্রেনিং স্কুল
 ইন্টেরিয়র এন্ড এক্সটারনাল ডেকোরেশন
 আইপিএস তৈরি
 আদিবাসী হস্তশিল্প ও কোমর তাঁত
 স-মিল
 নৌযান শিল্প (ছোট যাত্রাবাহী
 নৌযান তৈরি)
 পরিবেশ-বান্ধব পরিবহন (ইজি বাইক) প্রস্তুতকরণ
 ডেইরী এন্ড ফিশ ফীড তৈরি
 ব্রিক ফিল্ড
 খাদি শিল্প
 আগর ও মোমবাতি তৈরি
 মশলা গুঁড়াকরণ
 রঙানিযোগ্য মাটির টালি তৈরি
 পারটেক্স শিল্প
 বায়োগ্যাস প্লান্ট
 টিস্যু কালচার ও বীজ উৎপাদন
 বালি ও পাথরের ব্যবসা
 কাঠ ও স্টীল সামগ্রীর ব্যবসা
 ধান-চাউলের ব্যবসা
 চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
 ইলেক্ট্রনিকস পণ্য প্রস্তুতকরণ ও বিপণন
 কৃত্রিম ফুল উৎপাদন ও বিপণন
 চশমার ফ্রেম তৈরি ও বিপণন
 রেশম গুটি ও রেশম শিল্প
 খেলনা তৈরি ও বিপণন

বরফকল
 আয়োডাইজড লবণ তৈরি ও বিপণন
 মেশিনে চিঁড়া ও মুড়ি তৈরি
 চাউল কল ব্যবসা
 ড্রাগ হাউজ/ঔষধের ব্যবসা
 ফোন-ফ্যাক্স এর ব্যবসা
 পরিবহন ব্যবসা
 সিনেমা হল
 পুরাতন লোহা- লক্কড় এর ব্যবসা
 সারের ব্যবসা
 পাট ট্রেডিং
 কাপড় ও জুতার ব্যবসা
 রড ও সিমেন্ট ট্রেডিং
 হার্ডওয়্যার ব্যবসা
 ক্রোকারিজ এর ব্যবসা
 মুদি ও ভূষি মালের ব্যবসা
 খাদ্য প্রক্রিয়াকরণ ও বিপণন
 গাড়ির বডি তৈরি
 তেল ও ডাল মিল
 জিআই পাইপ প্রস্তুত কারখানা
 সিমেন্টের পিলার তৈরি
 মিনি সুগার মিল
 গুড় তৈরি
 খয়ের তৈরি
 হোসিয়ারী
 পিতল ও কাঁসা শিল্প
 শীতল পাটি
 নার্সারী
 মিষ্টি তৈরি
 মৎস্য চাষ, প্রক্রিয়াকরণ ও বিপণন (চিংড়ি, তেলাপিয়া, পাংগাস ইত্যাদি)
 ব্যাটারী তৈরি
 রেলওয়ে স্পিয়ার তৈরি
 স্যানিটারী সামগ্রী নির্মাণ
 মৃৎশিল্প
 চা শিল্প
 ফল প্রক্রিয়াকরণ শিল্প
 চারকোল তৈরি
 সেমাই, লাচ্ছা ও চানাচুর তৈরি
 সৌর বিদ্যুত প্লান্ট
 আউটসোর্সিং

স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায়
অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী ব্যাংকের তালিকা

১. এবি ব্যাংক লিমিটেড
২. আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড
৩. বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড
৪. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
৫. ব্যাংক এশিয়া লিমিটেড
৬. ব্রাক ব্যাংক লিমিটেড
৭. কমার্সিয়াল ব্যাংক অফ সিলন
৮. ঢাকা ব্যাংক লিমিটেড
৯. ডাচ বাংলা ব্যাংক লিমিটেড
১০. ইস্টার্ন ব্যাংক লিমিটেড
১১. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড
১২. আইএফআইসি ব্যাংক লিমিটেড
১৩. যমুনা ব্যাংক লিমিটেড
১৪. মেঘনা ব্যাংক লিমিটেড
১৫. মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড
১৬. মিডল্যান্ড ব্যাংক লিমিটেড
১৭. মধুমতি ব্যাংক লিমিটেড
১৮. মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড
১৯. ন্যাশনাল ব্যাংক লিমিটেড
২০. এনসিসি ব্যাংক লিমিটেড
২১. এনআরবি ব্যাংক লিমিটেড
২২. এনআরবি কমার্সিয়াল ব্যাংক লিমিটেড
২৩. এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড
২৪. ওয়ান ব্যাংক লিমিটেড
২৫. প্রাইম ব্যাংক লিমিটেড
২৬. পূবালী ব্যাংক লিমিটেড
২৭. সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড
২৮. সাউথইস্ট ব্যাংক লিমিটেড
২৯. স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড
৩০. স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া
৩১. দি সিটি ব্যাংক লিমিটেড
৩২. দি ফারমার্স ব্যাংক লিমিটেড
৩৩. দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড
৩৪. দি ট্রাস্ট ব্যাংক লিমিটেড
৩৫. উত্তরা ব্যাংক লিমিটেড
৩৬. ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক লিমিটেড

স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম এর
আওতায় অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী আর্থিক
প্রতিষ্ঠানের তালিকা

১. বাংলাদেশ ইন্সটিটিউট ফাইন্যান্স কোম্পানী লিমিটেড
২. বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেড
৩. বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড
৪. বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
৫. সিএপিএম ভেঞ্চার ক্যাপিটাল এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
৬. ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
৭. ফাস ফাইন্যান্স লিমিটেড
৮. ফার্স্ট লিজ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
৯. জিএসপি ফাইন্যান্স লিমিটেড
১০. আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড
১১. আইআইডিএফসি লিমিটেড
১২. আইপিডিসি লিমিটেড
১৩. ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড
১৪. ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
১৫. লংকাবাংলা ফাইন্যান্স লিমিটেড
১৬. মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
১৭. মাইডাস ফাইন্যান্স লিমিটেড
১৮. ন্যাশনাল ফাইন্যান্স লিমিটেড
১৯. ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
২০. পিপলস্ লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড
২১. ফনিব্ল ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
২২. প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
২৩. প্রিমিয়ার লিজিং লিমিটেড
২৪. রিলায়েন্স ফাইন্যান্স লিমিটেড
২৫. ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড
২৬. ইউনাইটেড লিজিং কোম্পানী লিমিটেড
২৭. উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
২য় সংলগ্নী ভবন, ২৫ তলা
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।
Website: www.bb.org.bd

শেখ মোঃ সেলিম
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২
ই-মেইল-shaikh.salim@bb.org.bd

আবু হেনা হুমায়ুন কবীর
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫১৩
ই-মেইল-abu.kabir@bb.org.bd

মোঃ মোবারক হোসেন
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২১৬৯৯
ই-মেইল-mubarak.hossain@bb.org.bd

রোজিনা আক্তার মুস্তাফী
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২১৩৮০
ই-মেইল-rojina.mustafi@bb.org.bd
দেওয়ান আবদুল কাদের জিলানী
উপ-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২১০১৯
ই-মেইল-dewan.zilani@bb.org.bd

নিবেদিতা কুন্ডু
উপ-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২১৭০৯
ই-মেইল-nibedita.kundo@bb.org.bd

মোঃ মোবাহ্বের হোসেন
সহকারী পরিচালক
ফোনঃ ০১৭৩১০২৯৩৪৩
ই-মেইল-agun.24@g.mail

শাহিনা হোসেন
অফিসার
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-৬/২১৭০৯